

**তথ্য কমিশন**  
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ০৫/২০১৫

অভিযোগকারী : জনাব মোঃ মতিউর রহমান  
পিতা-মোঃ নুরুল ইসলাম  
গ্রাম-১ নং কলমা, পোষ্ট-ডেইরী ফার্ম  
থানা-সাভার, জেলা-ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ যুবায়ের  
সহকারী কমিশনার (ভূমি)  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
সাভার উপজেলা ভূমি অফিস  
সাভার, ঢাকা।

**সিদ্ধান্তপত্র।**

**(তারিখ : ১৭-০২-২০১৫ ইং)**

অভিযোগকারী জনাব মোঃ মতিউর রহমান ০৫-১১-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাভার উপজেলা ভূমি অফিস, সাভার, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ১) (ক) সাভার উপজেলাধীন ১ নং কলমা ও জিনজিরা মৌজায় খাস জমির পরিমাণ কত এবং কোন কোনটি খাস জমি তাহার তালিকা।  
(খ) এসকল খাস জমির বর্তমান অবস্থা ও জমির শ্রেণী।  
(গ) এসকল খাস জমি সরকারের আওতায় কত বিঘা রয়েছে এবং বেদখল কত বিঘা আছে তাহার পৃথক পৃথক বর্ণনা।  
(ঘ) লিজকৃত জমি চিহ্ন করার সহজ উপায়। যাহারা লিজ নিয়েছেন তাদেও নামের তালিকা, স্থায়ী, অস্থায়ী ঠিকানা ও এসকল জমির সম্পূর্ণ কাগজপত্রের অবিকল ফটোকপি।  
(ঙ) যেসকল খাস জমি সরকারের আওতার বাহিরে বা (বেদখল) তা উদ্ধারের কোন প্রক্রিয়া চালানো হয়েছে কিনা? এসকল খাস জমির সরকারী হিসেবে প্রতি শতাংশের মূল্য কত টাকা?
- ২) (ক) ১ নং কলমা ও জিনজিরা সড়কের পশ্চিম পার্শে সাবেক নাভানা গার্মেন্টস বর্তমান সান্তা মারিয়া ইউনিভার্সিটি ভবন সংলগ্ন পূর্ব পার্শে খাস জমিটির পরিমাণ কত? এবং এই জমিটি লিজ দেওয়া হয়েছে কিনা? লিজ দেওয়া হয়ে থাকলে প্রাপকের স্থায়ী ও অস্থায়ী ঠিকানাসহ জমিটির সম্পূর্ণ কাগজ পত্রের ফটোকপি পেতে চাই।

০২। আবেদনের প্রেক্ষিতে জনাব মোঃ যুবায়ের, সহকারী কমিশনার (ভূমি) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা ভূমি অফিস, সাভার, ঢাকা ০১-১২-২০১৪ তারিখে ১৭৭৫/১ নং স্মারকে অভিযোগকারীকে তথ্য সরবরাহ করেন। প্রাপ্ত আংশিক তথ্য উল্লেখ করে অভিযোগকারী ১৮-১২-২০১৪ তারিখে জেলা প্রশাসক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ১৬ জনসন রোড, ঢাকা-১১০০ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২০-০১-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০১-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৭-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ মতিউর রহমান হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ যুবায়ের, সহকারী কমিশনার (ভূমি) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা ভূমি অফিস, সাভার, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তিনি আংশিক তথ্য প্রাপ্ত হয়েছেন। পরবর্তীতে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ:পঃদ্র:)

০৫। সহকারী কমিশনার (ভূমি) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা ভূমি অফিস, সাভার, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্যের মধ্যে তার কার্যালয়ে সংরক্ষিত তথ্য সরবরাহ করা হয়েছে। জিনজিরা মৌজা তার এখতিয়ারাধীন নয়। ২ নং ক্রমিকের তথ্যের বিষয়ে বিজ্ঞ ২য় সাব-জজ আদালতে ৩১৭/৯৭ ও ১১/৯৭ নং মামলা চলমান রয়েছে বিধায় সে তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি।

০৬। অভিযোগকারীকে সরবরাহকৃত ১(ক) ক্রমিকে তথ্যে ১৪.৭৩ একর খাস জমি রয়েছে উল্লেখ করা হয়েছে সেক্ষেত্রে খাস জমির দাগ নামারসহ সরবরাহের করার জন্য কমিশন উল্লেখ করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তাতে সম্মতিগ্রহণ করেন।

### পর্যালোচনা।

উভয়পক্ষের এর বক্তব্য শ্রবণাত্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনাত্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার কার্যালয়ে সংরক্ষিত তথ্য অভিযোগকারীকে সরবরাহ করেছেন, জিনজিরা মৌজা তার এখতিয়ারাধীন না হওয়ায় এবং ২ নং ক্রমিকের তথ্যের বিষয়ে বিজ্ঞ আদালতে মামলা চলমান থাকায় তা সরবরাহ করতে পারেননি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জিনজিরা মৌজা ও ২ নং ক্রমিকের তথ্য ব্যতীত অভিযোগকারীর অবশিষ্ট তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী তার কার্যালয়ে সংরক্ষিত থাকলে সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনাত্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১০-০৩-২০১৫ তারিখ বা তদ্পূর্বে অভিযোগকারীকে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তার কার্যালয়ে সংরক্ষিত জিনজিরা মৌজা ও ২ নং ক্রমিকের তথ্য ব্যতীত অভিযোগকারী কর্তৃক যাচিত অবশিষ্ট তথ্য সরবরাহের জন্য সহকারী কমিশনার (ভূমি) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা ভূমি অফিস, সাভার, ঢাকা-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার